রেজিস্টার্ড নং ডি এ-৪

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, এপ্রিল ২২, ১৯৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা-১০

প্রজ্ঞাপন

ঢাকা, ৯ই বৈশাখ, ১৩৯৬/২২শে এপ্রিল, ১৯৮৯

নং এস, আর, ও ১২৬-আইন/৮৯ শা-১০/নিম্ন-১৮/৮৭,—Minimum Wages Ordinance, 1961 (XXXIX of 1961) এর section 6(1)(a)তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা ঘোষণা করিলেন যে, "সড়ক পরিবহণ" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত বিভিন্ন শ্রেণীর শ্রমিকগণের মজুরীর হার নির্ধারণের জন্য উক্ত Ordinance এর section 3 এর অধীন গঠিত নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক উক্ত Ordinance এর section 5 এর বিধান মোতাবেক সুপারিশকৃত এবং নিম্ন তফসিলে বর্ণিত মজুরীর হারসমূহ উপরি-উল্লিখিত শ্রমিকগণের নিম্নতম মজুরীর হার হইবেঃ

| শ্রমিক পদ বিন্যাস ও শ্রেণী বিভাগ | মাসিক মূল মজুরী। | প্রান্তিক ভাতা। | মোট |
|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা |
| উচ্চতর দক্ষঃ | ১১২৫ | ৪৭৮ | ১৬০৩ |
| ড্রাইভার (ভারী যানবাহন লাইসেন্স প্রাপ্ত) | | | |



মূল্যঃ ৬০ পয়সা

| শ্রমিক পদ বিন্যাস ও শ্রেণী বিভাগ | মাসিক মূল মজুরী। | প্রান্তিক ভাতা। | মোট |
|---|---|---|---|
| দক্ষ-১ঃ | ৮৭৫ | ৪০৩ | ১২৭৮ |
| ড্রাইভার (হালকা যানবাহন লাইসেন্স প্রাপ্ত) | | | |
| দক্ষ-২ঃ | ৮১০ | ৩৮৩ | ১১৯৩ |
| ১। চেকার/সুপারভাইজার | | | |
| ২। বুকিং ক্লার্ক/ক্যাশিয়ার | | | |
| আধা-দক্ষ ঃ | ৬৫০ | ৩৩৫ | ৯৮৫ |
| কন্ডাকটর | | | |
| অদক্ষ ঃ | ৫৬০ | ৩০৮ | ৮৬৮ |
| ১। হেলপার/ক্লিনার | | | |
| ২। দারোয়ান | | | |
| ৩। নাইট গার্ড | | | |

বিঃদ্রঃ কোন ভারী যানবাহনের লাইসেন্সপ্রাপ্ত ড্রাইভার যদি হালকা যানবাহন চালান তবে তিনি হালকা যানবাহন লাইসেন্সপ্রাপ্ত ড্রাইভারের জন্য নির্ধারিত অর্থাৎ দক্ষ-১ এর মজুরী পাইবেন।

প্রান্তিক ভাতা বলিতে বুঝায়ঃ

| | |
|---|---|
| ১। বাড়ী ভাড়া ভাতা | ৩০% (মূল মজুরীর) |
| ২। চিকিৎসা ভাতা | ১০০ টাকা মাসিক। |
| ৩। যাতায়াত ভাতা | ৪০ টাকা মাসিক। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফরিদউদ্দিন আহমদ

উপ-সচিব (শ্রম)।

বিশেষ দ্রষ্টব্য ঃ এতদসংগে নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশ, ১৯৮৯ এর অনুলিপি হুবহু প্রকাশ করা হইল।

## বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

## "সড়ক পরিবহন" শিল্প প্রতিষ্ঠান

## সুপারিশ, ১৯৮৯

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশ (অধ্যাদেশ নং ৩৯)-এর ৫(১) ধারার বিধান অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ৯ই নভেম্বর, ১৯৮৫ তারিখের শা-১০/এম-২০/৮৫/১৩৪ নম্বর পত্র দ্বারা "সড়ক পরিবহন" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী নির্ধারণের জন্য অত্র বোর্ডকে নির্দেশ দেন এবং উক্ত শিল্পে প্রতিনিধিত্ব করার জন্য ২৪শে মে, ১৯৮৭ তারিখের এস,আর,ও ৮০/এল/৮৭/শা-১০/নিম্ন-১৮/৮৭ নম্বর বিজ্ঞপ্তি দ্বারা উক্ত শিল্পের মালিক ও শ্রমিক পক্ষের সদস্য নিয়োগ করেন।

অতঃপর বোর্ড কয়েকটি বৈঠকে মিলিত হন এবং বাস্তব অভিজ্ঞতা লাভের জন্য সড়ক পরিবহন শিল্প পরিদর্শন করিয়া শ্রমিকদের কর্মাবস্থা, মজুরী রেজিস্টার, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা এবং শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয় সমেত আরও কতিপয় বিষয় পর্যবেক্ষণ করেন এবং প্রাপ্ত তথ্যাবলী পর্যালোচনা করিয়া খসড়া সুপারিশ প্রণয়ন করেন এবং নিম্নতম মজুরী বিধিমালার ১৫(১) বিধি মোতাবেক উক্ত খসড়া সুপারিশ সাধারণের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের মারফত প্রচার করেন।

খসড়া সুপারিশের উপর ১৯৬১ সনের নিম্নতম মজুরী বিধিমালার ১৫(২) বিধি মোতাবেক দাখিলকৃত আপত্তি ও প্রস্তাব বিবেচনা করিয়া দীর্ঘ আলোচনার পর বোর্ড খসড়া সুপারিশ আংশিক সংশোধন করেন এবং সর্বসম্মতিক্রমে ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেন ঃ

১। "সড়ক পরিবহন" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের বিভিন্ন পদবী, কাজের ধারা ও প্রকৃতি, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক অবস্থা ইত্যাদি বিবেচনাক্রমে (১) উচ্চতর দক্ষ, (২) দক্ষ-১, (৩) দক্ষ-২, (৪) আধা-দক্ষ ও (৫) অদক্ষ এই ৫(পাঁচ) শ্রেণীতে বিভক্ত করা হয় যাহা অত্র সাথে সংযোজিত তফসিলের পরিচ্ছেদ 'ক'-এ বলা হইয়াছে।

২। এই সুপারিশ ঘোষণার পর হইতে শিল্প প্রতিষ্ঠানের মালিকগণ "ক" পরিচ্ছেদে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকগণকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টার ভুক্ত করিবেন এবং প্রয়োজন বোধে মজুরী স্লিপ প্রদান করিবেন।

৩। যদি কোন শিল্প প্রতিষ্ঠানে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী ঠিকাদার মালিকের ন্যায় কার্য করিবেন।

৪। "ক" পরিচ্ছেদে উল্লেখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে অর্থাৎ প্রদেয় মজুরী উক্ত মজুরী হইতে কম হইবেনা। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবেনা। নিয়োগকর্তা/মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৫। যদি কোন শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকগণকে ফুরণ ভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

৬। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী ছাড়া শ্রমিকগণ অন্যান্য যে সব সুযোগ সুবিধা পাইয়া থাকেন তাহা বলবৎ থাকিবে।

৭। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী মাসিক মজুরী হিসাবে গণ্য হইবে এবং কার্যকাল ফ্যাক্টরী আইন অনুযায়ী ৮ (আট) কর্ম ঘন্টায় ১ দিন এবং ২৬ (ছাব্বিশ) কর্ম দিবসে ১(এক) মাস গণ্য হইবে।

এ.এস.এম. হেদায়েত হোসেন)
চেয়ারম্যান,
নিম্নতম মজুরী বোর্ড।

ডঃ তাহেরুল ইসলাম
নিদলীয় সদস্য

জে. এ. খন্দকার
মালিক পক্ষের সদস্য।

দেলোয়ার হোসেন খান
শ্রমিক পক্ষের সদস্য।

এ.কে.জয়নুল আবেদীন
মালিক পক্ষের সদস্য।

বেলায়েত হোসেন
শ্রমিক পক্ষের সদস্য।

তফসিল

"ক" পরিচ্ছেদ

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মাসিক মূল মজুরী। | প্রান্তিক ভাতা। | মোট |
|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা |
| উচ্চতর দক্ষ ঃ | ১১২৫ | ৪৭৮ | ১৬০৩ |
| ড্রাইভার (ভারী যানবাহন, লাইসেন্সপ্রাপ্ত) | | | |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মাসিক মূলমজুরী। | প্রান্তিক ভাতা। | মোট |
|---|---|---|---|
| দক্ষ-১ঃ | ৮৭৫ | ৪০৩ | ১২৭৮ |
| ড্রাইভার (হালকা যান বাহন লাইসেন্সপ্রাপ্ত) | | | |
| দক্ষ-২ঃ | ৮১০ | ৩৮৩ | ১১৯৩ |
| ১। চেকার/সুপারভাইজার | | | |
| ২। বুকিং ক্লার্ক/ক্যাশিয়ার | | | |
| আধা-দক্ষঃ | ৬৫০ | ৩৩৫ | ৯৮৫ |
| কণ্ডাক্টর | | | |
| অদক্ষঃ | ৫৬০ | ৩০৮ | ৮৬৮ |
| ১। হেলপার/ক্লিনার | | | |
| ২। দারোয়ান | | | |
| ৩। নাইট গার্ড | | | |

বিঃদ্রঃ কোন ভারী যানবাহনের লাইসেন্সপ্রাপ্ত ড্রাইভার যদি হালকা যানবাহন চালান তবে তিনি হালকা যানবাহন লাইসেন্সপ্রাপ্ত ড্রাইভারের জন্য নির্ধারিত অর্থাৎ দক্ষ-১-এর মজুরী পাইবেন।

প্রান্তিক ভাতা বলিতে বুঝায়ঃ

| | |
|---|---|
| ১। বাড়ী ভাড়া ভাতা | ৩০%(মূল মজুরীর) |
| ২। চিকিৎসা ভাতা | ১০০ টাকা মাসিক |
| ৩। যাতায়াত ভাতা | ৪০ টাকা মাসিক। |

মোঃ সিপকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার শাহ্ কামাল কাদের, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।